


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




বৃহস্পতিবার | ২৩ মে ২০২৪ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৪তম বর্ষ ২৫০ সংখ্যা | ৯ জ্যৈষ্ঠ ১৪৩১ সাল | ১৪ জিলকদ ১৪৪৫ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, পাশে ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদসহ অতিথিবৃন্দ*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বুদ্ধ পূর্ণিমা উদযাপন

প্রথমবারের মতো প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উদযাপিত হয়েছে বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধ পূর্ণিমা। বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত বৌদ্ধ মন্দিরে এ উপলক্ষে দুদিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। গতকাল বুধবার হাজারী লেনস্থ ক্যাম্পাসে মূল অনুষ্ঠান শুরু হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। তিনি বলেন, গৌতম বুদ্ধ পৃথিবীতে শান্তির বাণী ছড়িয়ে দিতে এসেছিলেন। তিনি সমগ্র প্রাণীজগতের সুখী হওয়ার কথা বলেছেন। আজকের যুদ্ধ-বিগ্রহ ও অশান্ত পৃথিবীতে বুদ্ধ আরো বেশি প্রাসঙ্গিক। আমাদের রিপুকে প্রশমিত করতে হবে, তবেই মানুষের মাঝে শান্তি ফিরে আসবে।

বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার এবং প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। তিনি বলেন, উৎসব ও ধর্মের মাঝে যে একটি সুক্ষ্ম দেয়াল রয়েছে, তা সবাইকে উপলব্ধি করতে হবে। যে কোন ধর্মের বা অঞ্চলের উৎসবে সকলেই অংশগ্রহণ করতে পারে, কিন্তু সেক্ষেত্রে আমাদের অবশ্যই সে ধর্মের রীতি-নীতি ও ঐতিহ্য-সংস্কৃতিকে সম্মানপূর্বক সহযোগিতা করতে হবে। আইন বিভাগের সহকারী অধ্যাপক হিল্লোল সাহার সঞ্চালনায় এতে স্বাগত বক্তব্য রাখেন প্রক্টর ও আইন বিভাগের সহকারী অধ্যাপক আহমেদ রাজীব চৌধুরী। উপস্থিত ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. সাহীদ মো. আসিফ ইকবাল, ইলেকট্রিকাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টোটন চন্দ্র মল্লিক, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক কিংশুক ধর, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক আবদুর রহিম প্রমুখ। উল্লেখ্য, শিক্ষার্থীদের মাঝে সাম্প্রদায়িক সম্প্রীতি ও উন্নত মানবিক চেতনা ছড়িয়ে দিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষ পাশাপাশি চার প্রধান ধর্মের উপাসনালয় সৃষ্টি করেছে। হাজারী লেন ক্যাম্পাসের নিচতলায় রয়েছে ইসলাম ধর্মাবলম্বী পুরুষ ও নারীদের পৃথক ইবাদতখানা, হিন্দু, বৌদ্ধ ও খ্রীষ্টান ধর্মের অনুসারীদের জন্য পৃথক উপাসনাকক্ষ। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 23 May 2024, Page: 2, Col: 7
https://edainikazadi.net/index.php?page=1&date=2024-05-23

কনফিডেন্স সিমেন্ট
A ক্লাস উৎকর্ষ
☎01755550035-36

চট্টগ্রাম বৃহস্পতিবার ২৩ মে ২০২৪
দৈনিক পূর্বকোণ
মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত
চট্টগ্রাম দৈনিক পূর্বকোণ
রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৯তম বর্ষ ৯৪তম সংখ্যা ।। ৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ ।। ১৪ জিলকদ ১৪৪৫ হিজরি ।। Thursday 23 May 2024 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা
www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



*প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা*

**প্রিমিয়ার ইউনিভার্সিটি :** প্রথমবারের মতো প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উদ্‌যাপিত হয়েছে বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধ পূর্ণিমা। বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত বৌদ্ধ মন্দিরে এ উপলক্ষে দু'দিনব্যাপী অনুষ্ঠানমালা পালিত হচ্ছে। গতকাল বুধবার হাজারী লেনস্থ ক্যাম্পাসে মূল অনুষ্ঠান শুরু হয়।

এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার এবং প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ।

আইন বিভাগের সহকারী অধ্যাপক হিল্লোল সাহার সঞ্চালনায় এতে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও আইন বিভাগের সহকারী অধ্যাপক আহমেদ রাজীব চৌধুরী। আরো উপস্থিত ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. সাহীদ মো. আসিফ ইকবাল, ইলেকট্রিকাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টোটন চন্দ্র মল্লিক প্রমুখ।

Ref: Daily Purbokone, Date: 23 May 2024, Page: 3, Col: 2
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-05-23

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

বৃহস্পতিবার
চট্টগ্রাম
২৩ মে ২০২৪
৯ জ্যৈষ্ঠ ১৪৩১
১৪ জিলকদ ১৪৪৫
বর্ষ-১২, সংখ্যা-১৫৩

www.dailypurbodesh.com | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

সকল নাগরিকের সমঅধিকার সমমর্যাদা নিশ্চিত করতে হবে | ৩

মহাসড়ক সম্প্রসারণে আরো যা করণীয় | ৪

ইতালির নেপলসে ২৪ ঘণ্টায় ১৬০ বারের বেশি ভূকম্পন | ৬

'নো হেলমেট, নো ফুয়েল' কাগজে-কলমে | ৮



প্রিমিয়ার ভার্সিটিতে বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বুদ্ধ পূর্ণিমা উদ্‌যাপন

# 'গৌতম বুদ্ধ পৃথিবীতে শান্তির বাণী ছড়িয়ে দিতে এসেছিলেন'

প্রথমবারের মতো প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উদ্‌যাপিত হয়েছে বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধ পূর্ণিমা। বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত বৌদ্ধ মন্দিরে এ উপলক্ষে দু'দিনব্যাপী অনুষ্ঠানমালা পালিত হচ্ছে। বুধবার সকাল ১০টায় হাজারী লেনস্থ ক্যাম্পাসে মূল অনুষ্ঠান শুরু হয়। প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। তিনি বলেন, গৌতম বুদ্ধ পৃথিবীতে শান্তির বাণী ছড়িয়ে দিতে এসেছিলেন। তিনি সমগ্র প্রাণীজগতের সুখী হওয়ার কথা বলেছেন। আজকের যুদ্ধ-বিগ্রহ ও অশান্ত পৃথিবীতে বুদ্ধ আরো বেশি প্রাসঙ্গিক। আমাদের রিপুকে প্রশমিত করতে হবে, তবেই মানুষের মাঝে শান্তি ফিরে আসবে।

বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার এবং প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। তিনি বলেন, ধর্ম যার যার কিন্তু উৎসব সবার। উৎসব ও ধর্মের মাঝে যে একটি সুক্ষ্ম দেয়াল রয়েছে, তা সবাইকে উপলব্ধী করতে হবে। যে কোন ধর্মেও বা অঞ্চলের উৎসবে সকলেই অংশগ্রহণ করতে পারে, কিন্তু সেক্ষেত্রে আমাদের অবশ্যই সে ধর্মের রীতি-নীতি ও ঐতিহ্য-সংস্কৃতিকে সম্মানপূর্বক সহযোগিতা করতে হবে। বর্তমানে ঘৃণা ও অসহিষ্ণুতা চরম পর্যায়ে পৌঁছেছে, যার প্রতিফলন দেখা যায় সোশ্যাল মিডিয়ায়। কিন্তু আমাদের মনে রাখতে হবে, অন্যের ধর্ম, সংস্কৃতি নিয়ে মন্তব্য করার অধিকার আমাদের কারোরই নেই।

আইন বিভাগের সহকারী অধ্যাপক হিল্লোল সাহার সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও আইন বিভাগের সহকারী অধ্যাপক আহমেদ রাজীব চৌধুরী। আরো উপস্থিত ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. সাহীদ মো. আসিফ ইকবাল, ইলেকট্রিকাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টোটন চন্দ্র মল্লিক, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক কিংশুক ধর, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক আবদুর রহিম প্রমুখ।

উল্লেখ, শিক্ষার্থীদের মাঝে সাম্প্রদায়িক সম্প্রীতি ও উন্নত মানবিক চেতনা ছড়িয়ে দিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষ পাশাপাশি চার প্রধান ধর্মের উপাসনালয় সৃষ্টি করেছে। হাজারী লেন ক্যাম্পাসের নিচতলায় রয়েছে ইসলাম ধর্মাবলম্বী পুরুষ ও নারীদের পৃথক ইবাদতখানা, হিন্দু, বৌদ্ধ ও খ্রীষ্টান ধর্মের অনুসারীদের জন্য পৃথক উপাসনাকক্ষ। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 23 May 2024, Page: 2, Col: 7
https://epurbodesh.com/index.php?page=1&date=2024-05-23

চট্টগ্রাম • বৃহস্পতিবার • ২৩ মে ২০২৪ • ৯ জ্যৈষ্ঠ ১৪৩১ • ১৪ জিলকদ ১৪৪৫ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ৩০ সংখ্যা ২৬৭

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৪ শহীদ ছাত্রলীগ নেতাদের আত্মত্যাগ স্মরণীয় : মেয়র

৫ বৈদ্যুতিক মিটারের অতিরিক্ত চার্জ নিয়ে গ্রাহকের অস্বস্তি...

৬ ছয় জয়ে শেষ করলো আগ্রাবাদ নওজোয়ান




**জাতিসংঘ পার্ক : বাণিজ্যিক লক্ষ্য যেন প্রাধান্য না পায়**
সুষ্ঠু পরিকল্পনা ও লক্ষ্য ব্যবস্থাপনার অভাবে কীভাবে একটি উদ্যোগ ব্যর্থ হয়ে যায় তার উজ্জ্বল উদাহরণ হলো পাঁচলাইশ জাতিসংঘ পার্ক।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বুদ্ধ পূর্ণিমা উদযাপন অনুষ্ঠানে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানাসহ অতিথিবৃন্দ

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বুদ্ধ পূর্ণিমা উদযাপিত

# ‘আজকের অশান্ত পৃথিবীতে বুদ্ধ আরো বেশি প্রাসঙ্গিক’

প্রথমবারের মতো প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উদযাপিত হয়েছে বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধ পূর্ণিমা। বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত বৌদ্ধ মন্দিরে এ উপলক্ষে দু'দিনব্যাপী অনুষ্ঠানমালা পালিত হচ্ছে। আজ বুধবার ২২ মে সকাল ১০টায় হাজারী লেনস্থ ক্যাম্পাসে মূল অনুষ্ঠান শুরু হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। তিনি বলেন, গৌতম বুদ্ধ পৃথিবীতে শান্তির বাণী ছড়িয়ে দিতে এসেছিলেন। তিনি সমগ্র প্রাণীজগতের সুখী হওয়ার কথা বলেছেন। আজকের যুদ্ধ-বিগ্রহ ও অশান্ত পৃথিবীতে বুদ্ধ আরো বেশি প্রাসঙ্গিক। আমাদের রিপুকে প্রশমিত করতে হবে, তবেই মানুষের মাঝে শান্তি ফিরে আসবে। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার এবং প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। তিনি বলেন, ধর্ম যার যার কিন্তু উৎসব সবার। উৎসব ও ধর্মের মাঝে যে একটি সুক্ষ্ম দেয়াল রয়েছে, তা সবাইকে উপলব্ধী করতে হবে। যে কোন ধর্মেও বা অঞ্চলের উৎসবে সকলেই অংশগ্রহণ করতে পারে, কিন্তু সেক্ষেত্রে আমাদের অবশ্যই সে ধর্মের রীতি-নীতি ও ঐতিহ্য-সংস্কৃতিকে সম্মানপূর্বক সহযোগিতা করতে হবে। বর্তমানে ঘৃণা ও অসহিষ্ণুতা চরম পর্যায়ে পৌঁছেছে, যার প্রতিফলন দেখা যায় সোশ্যাল মিডিয়ায়। কিন্তু আমাদের মনে রাখতে হবে, অন্যের ধর্ম, সংস্কৃতি নিয়ে মন্তব্য করার অধিকার আমাদের কারোরই নেই। আইন বিভাগের সহকারী অধ্যাপক হিল্লোল সাহার সঞ্চালনায় এতে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও আইন বিভাগের সহকারী অধ্যাপক আহমেদ রাজীব চৌধুরী। আরো উপস্থিত ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. সাহীদ মো. আসিফ ইকবাল, ইলেকট্রিকাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টোটন চন্দ্র মল্লিক, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক কিংশুক ধর, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক আবদুর রহিম প্রমুখ। উল্লেখ, শিক্ষার্থীদের মাঝে সাম্প্রদায়িক সম্প্রীতি ও উন্নত মানবিক চেতনা ছড়িয়ে দিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষ পাশাপাশি চার প্রধান ধর্মের উপাসনালয় সৃষ্টি করেছে। হাজারী লেন ক্যাম্পাসের নিচতলায় রয়েছে ইসলাম ধর্মাবলম্বী পুরুষ ও নারীদের পৃথক ইবাদতখানা, হিন্দু, বৌদ্ধ ও খ্রীষ্টান ধর্মের অনুসারীদের জন্য পৃথক উপাসনাকক্ষ। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 23 May 2024, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2024-05-23